



তথ্যবিবরণী

নম্বর-০২১

রাজশাহীতে শিক্ষক-শিক্ষার্থী ও স্বেচ্ছাসেবীদের নিয়ে বিএসটিআই'র অভিযান

রাজশাহী, ০৩ ভাদ্র (১৮ আগস্ট) :

বাংলাদেশ স্ট্যাডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) রাজশাহী বিভাগীয় কার্যালয়ের উদ্যোগে মহানগরীতে শিক্ষক, শিক্ষার্থী ও স্বেচ্ছাসেবীদের সঙ্গে নিয়ে বাজার মনিটরিং ও সার্ভিল্যান্স অভিযান পরিচালিত হয়।

আজ রবিবার (১৮ আগস্ট) সকালে নগরীর শালবাগান বাজারে ভেজাল প্রতিরোধ, গুণগত মানসম্পন্ন খাদ্যপণ্যের সরবরাহ নিশ্চিতকরণ, ওজন ও পরিমাপের সঠিকতা যাচাই এবং বাজার মনিটরিং অনুষ্ঠিত হয়।

অভিযান চলাকালে সবজি, মাছ, মাংস এবং মুদিখানা দোকানের ওজন স্কেল ও দাঁড়িপাল্লাসমূহের সঠিকতা যাচাই করা হয়। এছাড়া ওইসব নিত্য প্রয়োজনীয় পণ্যসমূহের দ্রব্যমূল্য যাচাই, মেয়াদ উত্তীর্ণ পণ্য এবং ভেজাল ও নিম্নমানের পণ্য শনাক্তকরণে বাজারে অবস্থিত দোকানসমূহে মনিটরিং করা হয়।

এসময় পরিমাপ সঠিক না থাকায় ৫টি দোকানের বাটখারা জব্দ করা হয়। একই সাথে ফলের দোকানসমূহে তাৎক্ষণিকভাবে ফরমালিন এর উপস্থিতি শনাক্তকরণে পরীক্ষা করা হয়, তবে কোনো ফরমালিন পাওয়া যায় নি। পরে ২টি পেট্রোল পাম্পের ওজন ও পরিমাপ যাচাই করে সঠিক পাওয়া যায়।

দুপুরে বিসিক শিল্প নগরী এলাকায় অবস্থিত প্রাণ এগ্রো লিমিটেড এর কারখানা পরিদর্শন করা হয়। এসময় লাচ্ছা সেমাই ও ভার্মিসিলি এর লাইসেন্স অতিসত্বর নবায়নের তাগিদ দেওয়া হয় এবং কিছু পণ্যের মোড়ক সংশোধনের পরামর্শ প্রদান করা হয়।

রাজশাহী বিএসটিআই'র বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা প্রকৌশলী জুনায়েদ আহমেদ ও মিঠুন কবিরাজ এর তত্ত্বাবধানে পরিচালিত অভিযানে উপস্থিত ছিলেন রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রয়েট) এর ছাত্র কল্যাণ পরিচালক ও যন্ত্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক মোঃ রবিউল ইসলাম সরকার ও মেকট্রনিক্স বিভাগের সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান মোঃ ফিরোজ আলীসহ বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীবৃন্দ।

জনস্বার্থে শিক্ষক, শিক্ষার্থী, স্বেচ্ছাসেবী এবং বিএসটিআই'র যৌথ উদ্যোগে এধরনের অভিযান নিয়মিতভাবে অব্যাহত থাকবে বলে বিএসটিআই'র পক্ষ থেকে জানানো হয়।

.....
তৌহিদ/আতিক/রুহুল/হালিম/২০২৪/১৭:১০ ঘ.